

## ১নং প্রশ্নের উত্তর

পরিবারের মৌলিক চাহিদা পূরণে কৃষকের ভূমিকা নিচে দেওয়া হলঃ-

মানুষের মৌলিক চাহিদাগুলো হলো: (i) খাদ্য (ii) বস্ত্র (iii) বাসস্থান (iv) চিকিৎসা (v) শিক্ষা

একজন কৃষক দেশের মানুষের চাহিদা পূরণ করে। কিন্তু দেশের চাহিদা পূরণ করার আগে সে তার পরিবারের চাহিদা পূরণ করে। কৃষির মাধ্যমে আমাদের জীবনের ওরুভ্রপূর্ণ চাহিদা যেমন খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা, বিনোদন ইত্যাদি পূরণ হয়ে থাকে। বিভিন্ন ফসল উৎপাদন, পশুপাখি প্রতিপালন, মৎস্য চাষ ও বনায়নের মাধ্যমে কৃষকরা তাদের পরিবারের সদস্যদের মৌলিক চাহিদা পূরণ করে থাকেন।

## ২নং প্রশ্নে উত্তর

তার কার্যক্রম পরিবারের অর্থনৈতিক উন্নয়নে সহায়তাগুলো নিচে দেওয়া হল:

একজন আদর্শ কৃষক পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি  
পরিবারকে অর্থনৈতিক ভাবে সচল করতে পারে। কৃষিকাজের মাধ্যমে  
ফসল উৎপাদন করে পরিবারের মৌলিক চাহিদাগুলো পূরণের  
পাশাপাশি অতিরিক্ত উৎপাদন ক্রয়-বিক্রয়ের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন  
করতে পারেন। এক্ষেত্রে উপার্জিত অর্থ পরিবারের যেকোনো ক্ষেত্রে  
সহজেই ব্যবহার করতে পারেন।

## ৩নং প্রশ্নের উত্তর

আমার গ্রামের অন্যান্য কৃষিজীবীদের স্বাবলম্বী করতে তিনি বিভিন্নভাবে সহায়তা করতে পারবেন।

কৃষি উন্নয়নের প্রয়োজনে এবং দৈনন্দিন জীবনের বিভিন্ন চাহিদা মেটাতে কৃষিভিত্তিক শিল্প যেমন- বস্ত্র, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, কৃষিযন্ত্র ইত্যাদির প্রকে একে বিকাশ ঘটতে লাগলো। বেশী উৎপাদনের জন্য পুঁজি বিনিয়োগ বাড়তে লাগল। যার ফলে অধিকাংশ মানুষ কৃষির দিকে ঝুকে পড়ে। একজন সার্থক কৃষক সঠিকভাবে কৃষিকাজ করে জন্যান্য কৃষিজীবীদের- আদর্শ হতে পারেন। অন্যসব কৃষকদেরও স্বাবলম্বী করতে পারেন। গ্রামের বেকারদের কর্মসংস্থান সৃষ্টি করতে পারেন। গ্রামের কুষকদের সঠিক তথ্য দিয়ে কৃষি কাজে সহায়তা করতে পারেন। যার ফলে, গ্রামের কৃষিজীবীরা বেশি ফসল উৎপাদন করতে পারবে। এভাবে আনা কৃষিজীবীরাও স্বাবলম্বী হতে পারেন।